

## জালালাবাদে ভারতের কনস্যুলেট জেনারেল অফিসে হামলা

জালালাবাদে(আফগানিস্তান) ভারতের কনস্যুলেট জেনারেল দপ্তরে হামলার বিষয়ে এক প্রম্ভের জবাবে সরকারি মুখ্যপাত্র বলেন,

“জালালাবাদে ভারতের কনস্যুলেট জেনারেল দপ্তরে আত্মঘাটী হামলায় বেশ কয়েকজন সাহসী আফগান পুলিশ কর্মচারী এবং নিরীহ আফগান নাগরিকের মৃত্যু হয়। এবং আহত হন অনেকে। এই ঘটনার যথাসম্ভব কঠোরভাষায় নিন্দা হওয়া উচিত।

এই হামলা আরো একবার প্রমাণ করলো সীমান্ত পার থেকে সন্ত্রাসবাদী শক্তি এবং তার থেকে উত্তৃত সন্ত্রাসবাদ আফগানিস্তানের নিরাপত্তা ও স্থায়ীভৱের পক্ষে প্রধান বিপদ হয়ে রয়েছে।

আফগানিস্তানের উন্নয়নে এবং পুর্ণগঠনের কাজে ভারতের দায়বদ্ধতা থেকে কোনোমতেই হঠানো যাবে না। এই হামলা পরিষ্কার ভাবে প্রমাণ করে এটা কেবলমাত্র ভারতের উপরই হামলা নয়, গত কয়েকদশক ধরে আফগান জনতার বিয়োগান্ত দুর্দশা কাটিয়ে ওঠার প্রচেষ্টা এবং সেই লক্ষ্য পূরণে আফগান জনতাকে সহযোগিতা করার উপর আঘাত।

ভারতীয় কনস্যুলেট রক্ষার দায়িত্বে নিযুক্ত সেই সব অদম সাহসী আফগান নিরাপত্তারক্ষীদের মৃত্যুতে আমরা গভীর শোক এবং আন্তরিক ক্ষতিগ্রস্ত প্রকাশ করছি। এই হামলার কারণে নিহত আফগান নাগরিকদের মৃত্যুতেও আমরা তাঁদের পরিবারদের প্রতি গভীর শোক প্রকাশ করছি।

নয়াদিল্লি

আগস্ট তিন, দুহাজার তেরো